

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা বন কর্মকর্তার কার্যালয়  
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং-১৯

তারিখ : ১০/৫/১৯

বিষয়ঃ লাকসাম উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির সভার আহ্বান প্রসঙ্গে।

উর্পর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী .....১০/০৫/১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়ে উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।





১৯/০৫/১৯  
১০/৫/১৯  
উপজেলা বন কর্মকর্তা  
লাকসাম, কুমিল্লা।

প্রাপকঃ-

-----  
-----  
-----

লাকসাম উপজেলা বন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা

তারিখ :

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মহব্বত আলী ভাইস চেয়ারম্যান, লাকসাম উপজেলা পরিষদ	সভাপতি	
০২	জনাব হারুন অর রশিদ চেয়ারম্যান উত্তরদা ইউনিয়ন পরিষদ লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৩	জনাব নিজাম উদ্দিন শামীম চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৪	মোঃ মোয়াজ্জেম হোসেন খন্দকার উপজেলা ফরেস্টার লাকসাম, কুমিল্লা।	সদস্য সচিব	 ২০/১১/১৯

## লাকসাম উপজেলা বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ	জনাব মহব্বত আলী ভাইস চেয়ারম্যান, লাকসাম উপজেলা পরিষদ
সভার স্থান :	ভাইস চেয়ারম্যানের কার্যালয় উপজেলা পরিষদ, লাকসাম
সভার সময় ও তারিখঃ	সকাল ১১.০০ ঘটিকা, ২৬/০৫/২০২১ খ্রি:
সভার উপস্থিতি :	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচীঃ-

- ১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। দেবীপুর-কুটিশা (২ কি.মি), হরিশ্চর-নুরপুর (৪ কি.মি), সড়ক প্রসঙ্গকরণ ও উন্নয়নমূলক কাজের স্বার্থে গাছ কর্তন ও নিলাম এবং উপকার ভোগীদের অর্থ বন্টনের বিষয়ে আলোচনা।
- ৩। বিবিধ।

সভাপতি সভার প্রারম্ভে সম্মানিত উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপজেলা ফরেস্টার জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন খন্দকার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কাহারো কোন আপত্তি/সংযোগ/বিরোধজনক না থাকায় সভাপতি মহোদয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।

সদস্য সচিব সভাকে জানান যে, লাকসাম উপজেলাধীন বাকই ইউনিয়ন পরিষদের আওতাধীন দেবীপুর-কুটিশা (২ কি.মি), হরিশ্চর-নুরপুর (৪ কি.মি), সড়ক প্রসঙ্গকরণ ও উন্নয়নমূলক কাজের স্বার্থে গাছ নিলাম করা হয়। উক্ত বাগানের উপকার ভোগীদের ও চুক্তিনামায় তালিকাভুক্ত যে সদস্য আছে তাহাদের কে প্রাপ্য লভ্যাংশ দেওয়ার বিষয়ে অনুমতি প্রয়োজন।

সিদ্ধান্ত :

উপরোক্ত আলোচনা ও পর্যালোচনা শেষে, সিদ্ধান্ত হয় যে যেহেতু উক্ত বাগান গুলো বাকই ইউনিয়ন পরিষদের প্রসাশনিক এলাকা এবং সম্পাদিত চুক্তিনামায় ইউনিয়ন পরিষদের স্বাক্ষর থাকায় ভূমি মালিকের হিস্যা বাকই ইউনিয়ন পরিষদ কে এবং চুক্তিনামায় তালিকা ভুক্ত ১২ জন কে প্রাপ্য লভ্যাংশ এবং যে যে ইউনিয়নে বাগান কর্তন করা হয় উক্ত ইউনিয়ন পরিষদ শুধু সংযোগ সড়ক গুলোতে ভূমি মালিকের হিস্যা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহিত হয়।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



( মহব্বত আলী )

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ ও

সভাপতি

বন ও পরিবেশ বিষয়ক স্থায়ী কমিটি


লাকসাম, কুমিল্লা।

তারিখ :

স্মারক নং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। জনাব.....
- ০৪। অফিস কপি।



(মোয়াজ্জেম হোসেন খন্দকার)

উপজেলা ফরেস্টার

লাকসাম, কুমিল্লা